[redacted]

[redacted]

দামুড়হুদায় স্বাস্থ্যবিধি না মানায় ৬ জনকে ১১ হাজার ৪’শ টাকা অর্থদন্ড

দামুড়হুদায় স্বাস্থ্যবিধি ও মাক্স পরিধান না করায় মোবাইল কোর্ট পরিচালনায় ৬ জনকে ১১ হাজার ৪’শ টাকা অর্থদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালত। করোনা পার্দূভাব নিয়ন্ত্রণ ও লকডাউনে বিধিনিষেধ বাস্তবায়নে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ মোবাইল কোর্ট পরিচালনা করে ৬ জনকে ১১ হাজার ৪’শ টাকা অর্থদন্ড করেন।

বৃহস্পতিবার দিনব্যাপী বাংলাদেশ বর্ডার গার্ড (বিজিবি) সমন্বয়ে উপজেলার জুরানপুর,পারকৃষ্টপুর-মদনা ইউনিয়ন ও দর্শনা পৌরসভার বিভিন্ন স্থানে মোবাইল কোর্ট পরিচালনা করেন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট।মোবাইল কোর্ট পরিচালনা কালে দণ্ডবিধি ১৮৬০ এর ২৬৯ ধারায় ৪ টি মামলায় ৬ জনকে ১১ হাজার ৪’ শ টাকা অর্থদন্ড করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ।

মোবাইল কোর্ট পরিচালনা কালে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ জনস্বার্থে বলেন, করোনা থেকে রক্ষা পেতে হলে আমাদের সরকারের দেওয়া সকল ধরনের বিধিনিষেধ মেনে চলতে হবে। সীমান্তবর্তী এলাকাগুলোতে। ব্যাপক হারে দেখা দিয়েছে করোনার উপসর্গ।

কয়েকদিনের ব্যবধানে মৃত্যুর হার বেড়েই চলেছে ।আতঙ্কিত হয়ে পড়েছে সচেতন মহল,সাধারণত এসময় করোনার সংক্রমণ হার বেড়েই চলেছে, হাসপাতালগুলোয় ৬০ ভাগ বয়স্ক মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ভর্তি থাকেন। করোনার দ্বিতীয় ঢেউ ঠাকাতে এই নাগরিকদের সতর্কভাবে ঘরে থাকার পরামর্শ দেন তিনি।

আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার। এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। এলাকায় নতুন করে যাতে আক্রান্ত না হয়, আমাদের সবাই কে সজাগ থাকার জন্য পরামর্শ দেন আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার দ্বিতীয় ঢেউ। এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।

[redacted]

[redacted]

সকলকে বাধ্যতামূলক মাস্ক পরিধান করতে বার বার অনুরোধ করা হচ্ছে, এরপরও অনেকের মাঝে মাস্ক পড়তে উদাসীনতা লক্ষ্য করা যাচ্ছে। উপজেলাতে সংক্রমণের হার দিন দিন বৃদ্ধি পাচ্ছে এ লক্ষ্য আমাদেরকে বেশি বেশি সচেতন হতে হবে,তা না হলে আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে।

বাইরে চলাচলে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে কঠোর হবে প্রশাসন। সর্বোচ্চ সতর্কতা নিতে হবে। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে। অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না। নিজে ও পরিবার সুস্থ রাখতে সরকারের দেওয়া সকল নির্দেশনা মেনে চলুন। লকডাউন বাস্তবায়ন প্রশাসন কে সহযোগিতা করুন।

পোড়াদহ রেলওয়ে থানার ওসি’র আকস্মিক মৃত্যু

কুষ্টিয়ার পোড়াদহ রেলওয়ে থানার (জিআরপি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফয়জুর রহমানের (৫২) আকস্মিক মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার দুপরের দিকে থানা চত্বরের বাথরুমে গোসল করার সময় আকস্মিকভাবে মারা যান তিনি।

হাসপাতালের চিকিৎসক ও পুলিশ স্টেশনের কর্মকর্তারা জানিয়েছেন ষ্ট্রোকজনিত কারণে তার মৃত্যু হয়েছে। ফয়জুর রহমানের বাড়ি শেরপুর জেলার সদর উপজেলায়। তিনি গত মাসে পোড়াদহ রেলওয়ে থানার যোগদান করেছিলেন।

পোড়াদহ রেলওয়ে থানা পুলিশের উপরিদর্শক (এসআই) শাহবুদ্দিন জানান, দুপুরে পৌনে ২ টার দিকে ওসি ফয়েজুর রহমান গোসল করতে বাথরুমে যান। কিন্তু প্রায় এক ঘণ্টা অতিবাহিত হওয়ার পরও বাথরুম থেকে তিনি না বেরুনোয় সহকর্মীরা বাইরে থেকে তাকে ডাকাডাকি করেন।

কিন্তু এতেও কোন সাড়া না পেয়ে বাথরুমের পিছনের ভেন্টিলেটর দিয়ে সহকর্মীরা দেখতে পান তিনি অচেতন অবস্থায় পড়ে আছেন মেঝেতে। ঘটনার পর খবর পেয়ে ফায়ার সার্ভিসের টিম ছুটে আসে। পরে বাথরুমের দরজা

ভেঙ্গে ওই পুলিশ কর্মকর্তাকে অজ্ঞান অবস্থায় উদ্ধার করে কুষ্টিয়া ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক মানস ভট্টাচার্য পরীক্ষা-নিরীক্ষার পর তাকে মৃত ঘোষণা করেন।

ষ্ট্রোকজনিত কারণে তার মৃত্যু হয়েছে বলে হাসপাতালের চিকিৎসক জানান। রেলওয়ে পুলিশের সদস্যরা জানান, মৃত্যুর আগে তিনি ছিলেন সুস্থ-স্বাভাবিক। এছাড়া অসুস্থতার কোন লক্ষণ তার ছিল না। পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা ঘটনাস্থল পরিদর্শন করেন।

কুমারখালীতে পৃথক সড়ক দুর্ঘটনায় নিহত-২

কুষ্টিয়ার কুমারখালীতে পৃথক সড়ক দুর্ঘটনায় এক স্কুল শিক্ষকসহ দুইজন নিহত হয়েছেন। নিহতরা হলো উপজেলার নন্দনালপুর ইউনিয়নের পুরাতন চড়াইকোল গ্রামের মৃত হিসাব উদ্দিনের ছেলে সদকী ইউনিয়নের পাথরবাড়িয়া মজিবুর রহমান হাইস্কুলের সহকারি শিক্ষক হাসিম উদ্দিন
(৫৫) ও একই উপজেলার সেরকান্দি এলাকার মৃত মুনছের প্রামাণিকের ভ্যানচালক টিপু প্রামাণিক (৪৫)।

স্থানীয়দের বরাত দিয়ে কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামরুজ্জামান তালুকদার বলেন, স্কুল শিক্ষক হাসিম উদ্দিন সকালের দিকে কুমারখালি থেকে খোকসা যাচ্ছিলেন এসময় জিলাপীতলা নামকস্থানে পৌঁছালে পিছন থেকে শ্যালোইঞ্জিন চালিত লাটাহাম্বা গাড়ি সজোরে ধাক্কা দেয়। এতে সড়কের উপর ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যান।

তিনি আরও জানান, বৃহস্পতিবার ভোর রাত তিনটার দিকে কুষ্টিয়া- রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কস্থ ময়েনমোড়ে এলাকায় সড়ক দুর্ঘটনায় মারাত্মক আহত অবস্থায় ভ্যানচালক টিপু প্রামাণিক কে টহলরত অবস্থায় কুমারখালী থানা পুলিশ তাকে উদ্ধার করে কুষ্টিয়া সদর হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে গেলে সেখানকার কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

মরদেহ দুটি ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া মর্গে প্রেরণ করা হয়েছে বলেও জানান তিনি।

দর্শনায় আট লক্ষ টাকার কোরিয়ান সিগারেটসহ ২জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের অভিযানে দুই বস্তা কোরিয়ান সিগারেটসহ ২জন গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানায়, গত বুধবার রাত ১২ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে এস,আই মোঃ হারুন উর রশিদ (পিপিএম), এ এস আই মোঃ শাহিন আলম, এ এস আই রওশন আলী এবং সঙ্গীয় ফোর্সসহ

দর্শনা থানাধীন নতুন গ্রাম এবং কুড়ুলগাছি গ্রামের মধ্যবর্তী দো- বেলীর পোল নামক স্থানে পিচের রাস্তার উপর হতে ০২টি চটের বস্তা ভর্তি কোরিয়ায় তৈরি SUPER SLIM GOLDEN LEAF সিগারেটসহ ২ জনকে গ্রেফতার করে।

যাহার আনুমানিক বাজার মূল্য ৮ লক্ষ টাকা। গ্রেফতারকৃত আসামীরা হল চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার বড়বলদিয়া গ্রামের মৃতঃ মোফাজ্জেল হকের ছেলে মোঃ আশরাফ আলী (৫০) ও আশরাফ আলীর ছেলে মোঃ সুজন আলী (১৭)।

পুলিশ আরও জানায়, বিদেশী সিগারেট শুল্ক ফাঁকি দিয়ে বাংলাদেশে চোরাচালানের মাধ্যমে আনায়ন করার অপরাধে তাদের গ্রেফতার করা হয় এবং আসামি ও আইনের সহিত সংঘাতে জড়িত কিশোরের বিরুদ্ধে দর্শনা থানার মামলা দায়ের করা হয়েছে।

যার মামলা নং-০৫। তারিখ ০৮/৭/২০২১ খ্রিঃ। ধারা The Special Powers Act 1974 ১৯৭৪ এর ২৫-বি(১)(বি)/২৫-ডি রুজু হয়।

মেহেরপুরে নতুন আরও ৬৮ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৬৮ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় ৪০ জন, গাংনীতে ২৪ জন মুজিবনগর ৪ জন। বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ২১৩টি। তারমধ্যে ৬৮ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৭৬৪ জন।

তার মধ্যে সদরে ২৭২ জন, গাংনীতে ৩৯০ জন এবং মুজিবনগরে ১০২ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৬৮ জন (বৃহস্পতিবার সকাল ৮ পর্যন্ত মৃত্যুবরণ করেছে ১ জন)।

মৃতদের মধ্যে সদরে ২৩ জন, গাংনী ২৭ জন ও মুজিবনগরে ১৮ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জনসমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে অক্সিজেন সিলিন্ডার বিতরণ

মুজিববর্ষের অঙ্গীকার পুলিশ হবে জনতার এই শ্লোগানকে একের পর এক বাস্তবে রুপান্তর করে চলেছেন পুলিশ সুপার, চুয়াডাঙ্গা। বৈশ্বিক

মহামারীর অংশ হিসেবে বাংলাদেশেও করোনা ভাইরাসের প্রভাব পড়লে করোনা প্রতিরোধে বাংলাদেশ সরকার কঠোর লকডাউন কর্মসূচি গ্রহণ করেছে। চুয়াডাঙ্গা জেলায় করোনা প্রার্দূভাব বৃদ্ধি পাওয়ায় করোনা আক্রান্ত হয়ে অনেক মানুষ চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি হচ্ছে। চুয়াডাঙ্গা জেলার কৃতি সন্তান ঢাকা মেট্রো পলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার অতিরিক্ত আইজিপি মোহাঃ শফিকুল ইসলাম (বিপিএম-বার) এঁর উদ্যোগে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে করোনা আক্রান্ত রোগীদের জন্য আবুল খায়ের গ্রুপের সৌজন্যে ১০ (দশ)টি বড় অক্সিজেন সিলিন্ডার চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করেন তিনি।

বৃহস্পতিবার দুপুর সাড়ে বারোটার সময় পুলিশ সুপার, চুয়াডাঙ্গা মোঃ জাহিদুল ইসলাম উক্ত ১০ (দশ)টি বড় অক্সিজেন সিলিন্ডার সদর হাসপাতালের করোনা ইউনিটে চিকিৎসারত রোগীদের জন্য পৌছে দেন। পুলিশ সুপার চুয়াডাঙ্গার নিকট থেকে সিভিল সার্জন চুয়াডাঙ্গা এসএম মারুফ হাসান ১০ (দশ) টি বড় অক্সিজেন সিলিন্ডার গ্রহণ করেন।

উক্ত অক্সিজেন সিলিন্ডার বিতরণকালে আরো উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ জাহাঙ্গীর আলম, চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও)এ এস এম ফাতেহ্ আকরাম চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খানসহ জেলা পুলিশের অফিসার ফোর্স।

সাহারবাটিতে কর্মহীন মানুষের মাঝে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ

দুই সপ্তাহের কঠোর লক ডাউনে কর্মহীন দরিদ্র মানুষের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ বিতরণ শুরু হয়েছে মেহেরপুর গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নে। আজ বৃহস্পতিবার সকালে সামাজিক দুরুত্ব বজায় রেখে এ উপহার সামগ্রী প্রদান শুরু করেন ইউপি চেয়ারম্যান গোলাম

ফারুক।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান এর তত্বাবধানে সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক উপহার সামগ্রী বিতরণ কাজ বাস্তবায়ন করছেন। এসময় ইউপি সচিব আব্দুল মতিন, সংরক্ষিত মহিলা ইউপি সদস্যা ও সদস্য বৃন্দরা উপস্থিত ছিলেন। পরিষদের গ্রাম পুলিশদের মাধ্যমে উপহার গ্রহিতাগণ সকলে সামাজিক দুরুত্ব মেনে মাস্ক পরিধান নিশ্চিত করে শৃংখলার সাথে উপহার সামগ্রী গ্রহন করেন।

প্রতিটি পরিবারের জন্য ১০ কেজি চাল, দুই কেজি আলু, দুই লিটার তেল, এক কেজি লবন, এক কেজি ডাল, এক টি সাবান, এক কেজি চিনি, এক প্যাকেট সেমাই, এক প্যাকেট মাস্ক ও নগদ ৫০০ শত টাকা দেওয়া হচ্ছে। ইউনিয়নের ৩০০ জন উপকার উপকারভোগী এ উপহার সামগ্রী পর্যায়ক্রমে গ্রহন করবে।

লকডাউন পরিস্থিতি ও আসন্ন ঈদের আগে এ উপহার সামগ্রী পেয়ে অনেক আনন্দ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন উপহার গ্রহন করতে আসা ব্যক্তিদ্বয়।

মেহেরপুরে মানসিক ভারসাম্যহীন এক নারীর মরদেহ উদ্ধার

মেহেরপুরে মানসিক ভারসাম্যহীন এক নারীর মরদেহ উদ্ধার করা হয়েছে। বৃহস্পতিবার সকালে মেহেরপুর শহরের নতুন বাস টার্মিনাল থেকে তার লাশ উদ্ধার করা হয়। জানা গেছে ওই নারীর নাম মনুয়া (৬০)। সে দীর্ঘ দশ বছর আগে মেহেরপুর আসে। এত বছর সে মেহেরপুরে থাকলেও তার পরিবারের কোন সদস্যদের খোঁজ পাওয়া যায়নি। মনুয়াকে নতুন বাস টার্মিনাল এলাকায় ব্র্যাক অফিসের সামনে নয়ন নামের এক দোকানদার দেখভাল করতেন। মনুয়া নতুন বাস টার্মিনালে রাত্রিযাপন করতো। আজ সকালে টার্মিনাল এলাকার এক দোকানদার তাকে বার বার ডাকলেও মনুয়া না উঠলে তার সন্দেহ হয়। পরে কাছে গিয়ে বুঝতে পারে মনুয়া মারা

গেছে।
মনুয়া পাগলি স্বভাবের হলেও এলাকার অনেককেই আপন করে নিয়েছিলেন।